গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(স্থানীয় সরকার শাখা)
www.moulvibazar.gov.bd

এপ্রিল ২০১৫ খ্রি: মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি	: মো: কামরুল হাসান জেলা প্রশাসক মৌলভীবাজার	সভার স্থান তারিখ সময়	: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ : ২৭ এপ্রিল ২০১৫ খ্রি. : সকাল ৯:৩০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট- ক দ্রষ্টব্য

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপপরিচালক, স্থানীয় সরকার গত ২৩ মার্চ ২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নে বর্ণিত বিভাগওয়ারী আলোচনা অনুষ্ঠিত হয় এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১. জেলা পরিষদ: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার সভায় জানান যে, ১০০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম নির্মাণের জন্য উপযুক্ত জায়গা না পাওয়ায় তা বাস্তবায়ন করা যাচ্ছে না। জুড়ী উপজেলায় ৪তলা বিশিষ্ট রেস্ট হাউজ নির্মাণের জন্য মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়া গেছে। কিন্তু তহবিল না থাকায় দরপত্র আহবান করা যাচ্ছে না। মাধবকুন্ড জলপ্রপাতে ২,০০০০০/-(দুইলক্ষ) ব্যয়ে নিরাপত্তা বেষ্টনী নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। মাননীয় সমাজকল্যাণ মন্ত্রীর ডি.ও লেটারের পরিপ্রেক্ষিতে মৌলভীবাজার সদর উপজেলা চত্বরে ৪তলা বিশিষ্ট আধুনিক রেস্ট হাউজ নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অনুমোদন ও তহবিল পাওয়া গেলে দরপত্র আহবান করা হবে। রাজনগর উপজেলায় জেলা পরিষদের ডাক বাংলোর সুযোগ সুবিধা উন্নত করার জন্য ২০১৪-১৫ অর্থ বছরে রাজস্ব তহবিল হতে প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন। উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ জানান যে, কমলগঞ্জ জেলা পরিষদের ডাক বাংলার গাছ ঝড়ে হেলে গেছে, দ্রুত তা কাটা প্রয়োজন।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	জুড়ী উপজেলার ডাক বাংলা নির্মাণের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলাপরিষদ, মৌলভীবাজার
খ.	কমলগঞ্জ উপজেলার ডাক বাংলার হেলে যাওয়া ঝুঁকিপূর্ণ গাছ বিধিমতে কর্তনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	

০২. গণপূর্ত প্রকৌশল অধিদপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত সভায় জানান যে, সার্কিট হাউসের অভ্যন্তরে একটি ওয়াক-ওয়ে নির্মাণের প্রস্তাবটি সার্কিট হাউজের মেরামত/সংস্কার কাজের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলনের সাথে সমন্বিত কর্মসূচি আকারে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মৌলভীবাজার সার্কিট হাউস চত্বরে একটি ৬তলা নতুন ভবন নির্মাণের প্রাথমিক পর্যায়ের স্থানিক নকশা পাওয়া গেছে। এটি অনুমোদিত হলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার এর নতুন ভবনে রাম্প এবং নতুন রান্নাঘর নির্মাণের প্রয়োজনীয়তার বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। উক্ত রাম্প এবং নতুন রান্নাঘর এর বিষয়ে প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজারকে অনুরোধ জানান। আবাসিক সমস্যা সমাধানের লক্ষ্যে জেলা পর্যায়ের বিভাগীয় প্রধানগণের নিকট হইতে প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী বিদ্যমান গেজেটেড ডরমিটরী ভবনটিকে 'মহিলা ডরমিটরী' হিসেবে রুপান্তর করতঃ এর পূর্ব পাশের খালি জায়গায় বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	সার্কিট হাউসের অভ্যন্তরে একটি ওয়াকওয়ে নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকৌশল অধিদপ্তর
খ	সার্কিট হাউসে নতুন ০৬তলা বিশিষ্ট একটি ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।	
গ	সরকারি কর্মকর্তাদের আবাসন সমস্যা নিরসনের জন্য জেলা পর্যায়ে ডরমিটরীর ন্যায় কম ভাড়ায় ছোট পরিসরে আবাসন ব্যবস্থা গড়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।	
ঘ	হাসপাতালে রাম্প এর সংস্থান এবং রান্নাঘর এর জন্য মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল

০৩. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, গুণগত মান বজায় রেখে কাঠালতলী মাধবকুন্ড রাস্তার নির্মাণ কাজ চলছে, আশা করা যায় আগামী জুন ২০১৫ এর মধ্যে কাজ সমাপ্ত হবে। জলপ্রপাতের প্রবেশমুখে দোকানের সম্মুখস্থ পিচ্ছিল দুর্ঘটনাপ্রবণ slope এর স্থলে সিঁড়ি নির্মাণ করার জন্য ইতোমধ্যে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জুড়ী উপজেলা ভূয়াই-তেঘরী ঘাট রোডের এপ্রোচ নির্মাণ কাজ শেষ হয়েছে। কমলগঞ্জ উপজেলার হামহাম জলপ্রপাতের সড়কের মোট দৈর্ঘ্য ১১:৩০ কি. মি; যার ৫.৫০ কি.মি. পাকা এবং ৫.৮০ কি.মি. কাঁচা। কাঁচা অংশ উন্নয়ন করার জন্য সিলেট বিভাগ পল্লী অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় প্রস্তাব বিবেচনাধীন রয়েছে। বরাদ্দ পাওয়া গেলে সড়কের উন্নয়ন কাজ করা হবে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	কাঠালতলী মাধবকুন্ড রাস্তার নির্মাণ কাজ তদারকী পূর্বক গুণগত মান নিশ্চিত করাসহ রাস্তার স্পেসিফিকেশন অনুযায়ী কাজ করতে হবে। জলপ্রপাতের প্রবেশমুখে দোকানের সম্মুখস্থ slopeটি ভেঙে সিঁড়ি নির্মাণ করার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার।
খ	কমলগঞ্জ উপজেলার হামহাম জলপ্রপাতের রাস্তা নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	

০৪. সড়ক ও জনপথ অধিদপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ সভায় জানান যে, কুলাউড়া-পৃথিমপাশা-হাজীপুর-শরীফপুর সড়কের রাজাপুর নামক স্থানে মনু নদীর উপর প্রায় ২৭০ মিটারদৈর্ঘ্যের একটি ব্রীজ ও ৮.৫০কি.মি সড়ক নির্মাণের লক্ষ্যে Hydrology and Morphology Study দরপত্র আহবান করা হয়েছে। Hydrology and Morphology Study সম্পন্ন হলে সেতুর দৈর্ঘ্য নির্ধারণসহ ৮.৫০ কি.মি সড়ক নির্মাণের ডিপিপি প্রণয়ন করা হবে। নির্বাহী প্রকৌশলী আরও জানান যে, মৌলভীবাজার পৌরসভা অনুমতি ব্যতীত সড়ক ও জনপথ বিভাগের রাস্তা কাটছে। এতে জটিলতা তৈরি হচ্ছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়লেখা জানান যে, চান্দগ্রাম এলাকায় সড়ক বিভাগের জায়গায় অবৈধভাবে ভবন নির্মাণ করা হচ্ছে তাই এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	কুলাউড়া-পৃথিমপাশা-হাজীপুর-শরীফপুর সড়কে ৮ কি.মি. রাস্তা নির্মাণসহ মনু নদীর উপর রাজাপুর নামক স্থানে একটি ব্রীজ নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ অধিদপ্তর, মৌলভীবাজার
খ	রাস্তার পার্শ্বে ঝুঁকিপূর্ণ বিল-বোর্ড গুলো সরানো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। ঝুঁকিপূর্ণ বিলবোর্ড এর ইজারা নবায়ন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।	১. মেয়র, মৌলভীবাজার পৌরসভা ২. চেয়ারম্যান/মেয়র স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহ
গ	বড়লেখা উপজেলার চান্দগ্রাম এর রাস্তার পাশে অবৈধভাবে নির্মাণাধীন ভবন পরিদর্শন করে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো	১. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, মৌলভীবাজার
ঘ	মৌলভীবাজার শহরের শাহ মোস্তফা রোড-কোর্ট রোড সংযোগস্থলে এবং রাজনগর উপজেলার থানার পার্শ্ববর্তী সংযোগস্থলে গোলচক্কর নির্মাণের জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ অধিদপ্তর, মৌলভীবাজার
ঙ	টিসিবি আঞ্চলিক কার্যালয়, শেরপুর ও সড়ক ও জনপথ বিভাগ, স্থানীয় হাইওয়ে পুলিশ এবং জেলা প্রশাসন আলোচনা করে জায়গা পুন: নির্ধারণের ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার জন্য অনুরোধ জানানো হলো।	১. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ ২. সহাকারী পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ ৩. সহকারী কার্যনির্বাহী, টিসিবি
চ	নিজস্ব রাস্তা ব্যতীত অন্য সংস্থার রাস্তা কাটা/মেরামত করার প্রয়োজন হলে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট বিভাগের অনুমতি ও সমন্বয় করে রাস্তা কাটা/মেরামত করার জন্য অনুরোধ করা হলো।	১. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ ২. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি ৩. মেয়র, মৌলভীবাজার পৌরসভা ৪. সংশ্লিষ্ট সকল

০৫. বিদ্যুৎ উন্নয়ন বোর্ডঃ নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সভায় জানান যে, মৌলভীবাজার শহরে গ্রীড উপকেন্দ্র নির্মাণ করার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়া সিলেট বিভাগের বিদ্যুতের উন্নয়নের জন্য বিশেষ প্রকল্প গ্রহণ করা হচ্ছে। এছাড়া তিনি বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। মেয়র, মৌলভীবাজার পৌরসভার প্রতিনিধি জানান যে, আগামী মাসের মধ্যে ৫০% বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা হবে।

ক্র	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	মৌলভীবাজার শহরে কিংবা শহরের নিকটবর্তী স্থানে একটি ১৩২/৩৩ কেভি গ্রীড নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাবনাটি পিজিসিবির উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণপূর্বক বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, গ্রীড সংরক্ষণ বিভাগ, শ্রীমঙ্গল।

০৬. পল্লী বিদ্যুৎ সমিতিঃ জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় শ্রীমঙ্গল ও মৌলভীবাজার সদর উপজেলায় বিশ্ব ব্যাংকের অর্থায়নে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম আপগ্রেডেশন প্রকল্পের আওতায় প্রথম পর্যায়ে শ্রীমঙ্গল উপজেলায় নতুন সাবষ্টেশন স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উক্ত সাব ষ্টেশন স্থাপনের লক্ষ্যে জমি ক্রয় করা বড়লেখা উপজেলায় লোডক্যাপাসিটি বৃদ্ধির জন্য বড়লেখা উপজেলার সাবষ্টেশন ১০ এমভিএ হতে ১৫ এমভিএতে উন্নীত করা হয়েছে। ফলে বর্তমানে বড়লেখা সাবষ্টেশন ওভারলোড নয়। পল্লী বিদ্যুতের অধীনে মৌলভীবাজার পৌরসভার নিকট ৫৯,৭৪৮/-, শ্রীমঙ্গল পৌরসভার নিকট ৩,৩১,৫৭১/-, কমলগঞ্জ পৌরসভার নিকট ২,৪২,৪৮১/-, বড়লেখা পৌরসভার নিকট ২৩,৮২,১০৮/- টাকা পরিশোধের জন্য অনুরোধ জানান।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	শ্রীমঙ্গল ও মৌলভীবাজারে ২টি সাব-স্টেশন স্থাপনের জন্য অনুরোধ জানানো হলো।	জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি
খ	বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য বিভাগীয় প্রধানগণ ব্যবস্থা গ্রহণ করবেন।	বিভাগীয় প্রধানগণ

০৭. পানি উন্নয়ন বোর্ডঃ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড সভায় জানান যে, গত ২৪/১১/২০১৪ খ্রি: তারিখে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির বিশেষ সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সাথে ভিডিও কনফারেন্সিং এর প্রেক্ষিতে Rehabilitation of Manu Flood Embankement and Manu Irrigation project নামে সম্বাব্য ১৮,৫০০.০০ লক্ষ টাকার একটি প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপনের বিষয়ে উচ্চ পর্যায়ের কারিগরী কমিটি সমীক্ষা যাচাই পূর্বক মতামত প্রদান করায় উক্ত সমীক্ষা প্রতিবেদনের উল্লিখিত কারিগরী বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ বা পরিবর্তন সমীচীন নয় বলে তিনি অভিমত ব্যক্ত করেন। জুড়ী নদীর ভাঙন রোধে উত্তর ভবানীপুরসহ বিভিন্ন অংশের উভয় তীরে স্থায়ী প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের লক্ষ্যে সীমান্ত নদী রক্ষা প্রকল্পের আওতায় ১টি প্রকল্প প্রস্তাবনা দাখিল করা হয়েছে যা বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। চেয়ারম্যান, কমলগঞ্জ উপজেলা পরিষদ তার উপজেলার ধলই নদীর ভাঙন রোধে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	মনু নদীর ভাঙন মোকাবেলায় বিশেষ প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড
খ	জুড়ী উপজেলার জুড়ী নদী ও উত্তর ভবানীপুর এলাকার ভাঙন রোধের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।	
গ	কমলগঞ্জ উপজেলার পতনউষার ও ধলই নদী ভাঙনের ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	

০৮. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, নতুন নলকূপ স্থাপনের ক্ষেত্রে আগে আর্সেনিক টেস্ট করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	নতুন নলকূপ স্থাপনের ক্ষেত্রে আগে আর্সেনিক টেস্ট করার জন্য অনুরোধ জানানো হলো।	নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

০৯. স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার জানান যে, জুড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কাজ চলছে, তবে অবৈধ দখল থাকায় সমস্যা হচ্ছে। কমিউনিটি ক্লিনিকগুলোর বেশিরভাগের অবকাঠামোগুলো বর্তমানে ভাল অবস্থায় নেই। এ জেলার প্রায় ৩০টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে এগুলোর বিস্তারিত প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য প্রেরণ করা হয়েছে। সিভিল সার্জন জানান যে, কমিউনিটি ক্লিনিক অযোগ্য ঘোষণা করা হলে তবে কেবল সে ক্ষেত্রে পুনঃ নির্মাণের জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হয়।

ক্র	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গুলোর নির্মাণ কাজের গুণগত মান বজায় রেখে কাজ ত্বরান্বিত করার জন্য অনুরোধ জানানো হলো।	সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
খ	কমিউনিটি ক্লিনিকগুলোতে সংস্কার কাজের প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	
গ	জুড়ী হাসপাতালের অধিগ্রহণকৃত জমি থেকে অবৈধ দখলদারদের উচ্ছেদের প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।	সিভিল সার্জন

১০. শিক্ষা প্রকৌশল অধিদপ্তর নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, রাজস্ব খাতের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়নমূলক কাজ চলছে। কমলগঞ্জের মাধবপুরে একটি স্কুল ভবন নির্মাণের এক বছরের মধ্যে সমস্যা দেখা দিয়েছে মর্মে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলগঞ্জ জানান। উক্ত স্কুল ভবন ক্লাস পরিচালনার উপযোগী কিনা তা পরীক্ষা করে দেখার অনুরোধ করেন।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	শিক্ষা প্রকৌশল অধিদপ্তরাধীন বিভিন্ন নির্মাণ কাজের গুণগত মান বজায় রাখা এবং গৃহীত উন্নয়ন সম্পর্কে স্থানীয় কর্তৃপক্ষকে অবহিত রাখার জন্য অনুরোধ জানানো হলো।	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
খ	কমলগঞ্জের মাধবপুরে স্কুল ভবনের সমস্যার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	

১১. স্বাস্থ্য বিভাগঃ সিভিল সার্জন, মৌলভীবাজার সভায় জানান যে, মার্চ ২০১৫ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহে বহিঃবিভাগে সেবা গ্রহণকারীর সংখ্যা ৩৩,৫৮৭ জন, অন্তঃবিভাগে সেবা গ্রহণকারীর সংখ্যা ৩,৩৫৪ জন, জরুরী বিভাগে সেবা গ্রহণকারীর সংখ্যা ৬,৩৪৯ জন। মার্চ ২০১৫ মাসে কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতার সংখ্যা ১.০১,৬৫৬ জন। এছাড়া তিনি বর্তমানে ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালের তত্ত্বাবধায়ক এর বাসাকে তাঁর বাসভবন হিসেবে ব্যবহার করেন। কিন্তু সিভিল সার্জনের জন্য আলাদা বাসভবন রয়েছে যা সার্জন বাংলা পরিচিত। তাই উক্ত স্থানে সিভিল সার্জনের জন্য একটি নতুন বাসভবন নির্মাণের জন্য অনুরোধ করেন।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	মৌলভীবাজার জেলার নার্সিং ইনস্টিটিউটকে নার্সিং কলেজে রূপান্তরের নিমিত্তে সদর হাসপাতালের জায়গার মধ্যে নার্সিং কলেজের স্থান নির্বাচনের বিষয়ে জেলা স্থান নির্বাচন কমিটির সভায় প্রস্তাব দাখিলের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	১। সিভিল সার্জন ২। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল,
খ	বিভিন্ন সরকারি হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকসমূহে স্বাস্থ্য সেবা উন্নত করার জন্য এবং স্বাস্থ্য সেবায় নিয়োজিতদের উপস্থিতি ও সেবা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।	সিভিল সার্জন
গ	সিভিল সার্জনের জন্য একটি নতুন বাসভবন নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ

১২. ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার: তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল সভায় জানান যে, হাসপাতালের রান্নাঘরের স্থান সংকুলানের অভাবে রান্না করা অত্যন্ত কষ্টসাধ্য। এছাড়া হাসপাতালে দিন দিন রোগী বাড়ছে কিন্তু ডাক্তাররা উচ্চ শিক্ষার্থে বাইরে চলে যাওয়ার কারণে দিন দিন ডাক্তারের সংখ্যা কমে যাওয়ার ফলে রোগীদের সেবা দেয়া কষ্টসাধ্য হয়ে পড়ছে। তিনি জানান যে, বৈদ্যুতিক জেনারেটরের এর স্বয়ংক্রিয় চালুকরণ ব্যবস্থা অচল হয়ে পড়েছে। ফলে লিফট পরিচালনাসহ অন্যান্য জরুরি কার্যক্রম ব্যাহত হচ্ছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	হাসপাতালে ল্যাবের যন্ত্রপাতি চালু করতে ল্যাব-টেকনিশিয়ান নিয়োগ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার
খ	হাসপাতালের জনবল কাঠামো উন্নীত করা এবং শূন্যপদ পূরণের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানোর জন্য অনুরোধ করা হলো।	
গ	জরুরি লিফট ও জেনারেটর সচল রাখার জন্য সার্বক্ষণিক লোক নিয়োজিত রাখার জন্য অনুরোধ করা হলো	
ঘ	হাসপাতাল থেকে নিয়মিত বর্জ্য অপসারণ করার জন্য অনুরোধ করা হলো।	মেয়র, মৌলভীবাজার পৌরসভা
ঙ	হাসপাতালে দুটি ফেজ লাইন বিশিষ্ট বিদ্যুৎ সংযোগ দেয়ার জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর ও বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

১৩. পুলিশ বিভাগঃ পুলিশ সুপার, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক টাকা বা কোন মালামাল পরিবহনে সমস্যা মনে করলে পুলিশের সাহায্য কামনা করলে তাকে পুলিশের মাধ্যমে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা হবে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশী টহল ও নজরদারি বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হলো।	পুলিশ সুপার, মৌলভীবাজার
খ	হামহাম পর্যটন কেন্দ্রে পর্যটন পুলিশের জন্য একটি শেড নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য অনুরোধ করা হলো।	১. চেয়ারম্যান. কমলগঞ্জ উপ: পরিষদ ২. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি

১৪. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরঃ উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সভায় জানান যে, এ জেলায় সার সরবরাহ, মজুদ ও মূল্য পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

ক্র	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	সারের মজুদ ও মূল্য পরিস্থিতি নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

১৫. খাদ্য বিভাগঃ জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, জেলায় বর্তমানে ১,৬৫২ মে.চন চাল এবং ৬২২ মে.টন গম মজুদ রয়েছে। টিআর, কাবিখা, ভিজিডিসহ অন্যান্যখাতে খাদ্য শস্য বিলি চলছে। রাজনগর উপজেলা খাদ্যগুদাম নির্মাণের জন্য জায়গা নির্ধারণ করা হয়েছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	অভ্যন্তরীণ ধান-চাল সংগ্রহের পাশাপাশি খাদ্য বিভাগের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	জেলা খাদ্য নিয়ন্ত্রক মৌলভীবাজার
খ	রাজনগর উপজেলার খাদ্য গুদাম নির্মাণের জন্য অনুরোধ করা হলো।	

১৬. সমাজসেবা অধিদপ্তরঃ উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর সভায় জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরের সকল ভাতার ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে; বিতরণ অব্যাহত আছে। আগামীতে খাদ্য সহায়তা কর্মসূচি চালু করা হবে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	সকল ভাতা, বিশেষ করে মুক্তিযোদ্ধা ভাতা বিতরণের পাশাপাশি সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হলো।	উপপরিচালক সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার

১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তাঃ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, তাদের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	হিসাব রক্ষণ অফিসের সাথে মাসিক হিসাব মিলানোর ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রধানদেরকে অনুরোধ করা হলো।	১. অফিস প্রধানগণ ২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
খ	জুড়ী উপজেলা হিসাব রক্ষণ অফিসের দাপ্তরিক কার্যক্রম সংশ্লিষ্ট উপজেলা সদরে চালু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	১. ইউএনও, জুড়ী ২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা

১৮. কৃষি উন্নয়ন কপোরেশন (বীজ বিপণন): সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি (বীজ বিপণন) জানান যে, গ্রীষ্মকালীন সবজি বীজ বিক্রয় চলছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	বীজের নিম্ন মানের কারণে কৃষক যাতে ক্ষতিগ্রস্থ না হয় সে লক্ষ্যে সরবরাহকৃত বীজের সঠিক মান, অঙ্কুরোদগমন ক্ষমতা ইত্যাদি পরীক্ষা করে নিশ্চিত হয়ে কৃষক পর্যায়ে সরবরাহ করতে অনুরোধ জানানো হলো।	সিনিয়র সহকারী পরিচলক, কৃষি উন্নয়ন কপোরেশন (বীজ বিপণন),
খ	গরীব চাষীদের মধ্যে বিএডিসি থেকে বিভিন্ন সবজি বীজ ক্রয় করে বিনামূল্যে বিতরণের জন্য অনুরোধ জানানো হলো।	১ চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সকল) ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল)

১৯. কৃষি উন্নয়ন কপোরেশন (নির্মাণ ও সেচ): সহকারী প্রকৌশলী, বিএডিসি (নির্মাণ ও সেচ) সভায় জানান যে, কৃষি উন্নয়ন কর্পোরেশনের সেচ পাম্পগুলো সচল আছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	আকস্মিক বন্যার পানি নিষ্কাশনের জন্য কৃষি উন্নয়ন কর্পোরেশনের সেচ পাম্পগুলো সচল ও প্রস্তুত রাখার জন্য অনুরোধ জানানো হলো।	সহকারী প্রকৌশলী, বিএডিসি (নির্মাণ ও সেচ)

২০. জেলা শিক্ষা অফিসারঃ জেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষার গুণগত মানোন্নয়নে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু অনেক স্কুলে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনা করা যাচ্ছে না। তাই তিনি উপজেলা নির্বাহী অফিসার ও জনপ্রতিনিধিদের স্কুলগুলো নিয়মিত পরিদর্শন ও মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনা করা হচ্ছে কিনা তা মনিটরিং করার জন্য অনুরোধ জানান। সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় মৌলভীবাজার জেলার এক ছাত্র জাতীয় পর্যায়ে পুরস্কার পাওয়ায় সভায় ধন্যবাদ ও অভিনন্দন জ্ঞাপন করা হয়।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	মৌলভীবাজার জেলার শিক্ষার গুণগত মানোন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পাশাপাশি মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনার ব্যাপারে জোর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	জেলা শিক্ষা অফিসার মৌলভীবাজার।
খ	স্কুলগুলো নিয়মিত পরিদর্শন ও মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনা করা হচ্ছে কিনা তা মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সকল) ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল)

২১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসারঃ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক শিক্ষার বিভিন্ন শূন্যপদে শিক্ষক নিয়োগ কাযর্ক্রম প্রক্রিয়াধীন আছে। নিয়োগ সম্পন্ন হলে শূন্যপদসমূহ পূরণ হবে।

ক্র	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	প্রাথমিক শিক্ষার শূন্যপদসমূহ পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার

২২. জেলা মৎস্য বিভাগঃ জেলা মৎস্য অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, মৎস্য চাষ, সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং শুকনা মৌসুমে বিল ও জলাভূমির পানি সেচ করে স্থানীয় প্রজাতির মাছ যাতে ধ্বংস না হয় সে ব্যাপারে কার্যক্রম চলমান আছে। মাছে ফরমালিন নিয়ন্ত্রণে মার্চ ২০১৫ মাসে এ জেলায় ০৪টি অভিযান, পিরানহা মাছ নিষিদ্ধকরণে ০৩টি অভিযান ও ০৩টি সচেতনতামূলক সভা পরিচালনা করা হয়। এছাড়া জেলেদের মধ্যে জেলে নিবন্ধন কার্ড বিতরণ শুরু করা হয়েছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	মৎস্য চাষ, সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং শুকনা মৌসুমে বিল ও জলাভূমির পানি সেচ করে স্থানীয় প্রজাতির মাছ যাতে ধ্বংস না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	জেলা মৎস্য কর্মকর্তা মৌলভীবাজার

২৩. জেলা প্রাণিসম্পদ বিভাগঃ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, জুড়ী উপজেলায় প্রাণিসম্পদ অফিস নির্মাণের কাজ সমাপ্তির পথে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	গরু জবাইয়ের জন্য জবাইখানা নির্মাণ করার জন্য পদক্ষেপ গ্রহণ এবং গরু জবাইয়ের পূর্বে ডাক্তারী পরীক্ষা বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	১। মেয়র, পৌরসভা(সকল) ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার

২৪. যুব উন্নয়ন অধিদপ্তরঃ উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান যে, গবাদি পশু, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্সসহ বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	বিতরণকৃত ঋণ আদায়ের হার বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	উপ-পরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার
খ	ঋণ আদায়ে সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হলো।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)

২৫. সমবায় বিভাগঃ জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার সভায় জানান যে, তাদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। (কৃষি/প্রাণি/মৎস্য) ভিত্তিক সমিতি রেজিস্ট্রেশন প্রদান করা হচ্ছে। তাছাড়া আশ্রয়ন প্রকল্পে ঋণ আদায় কার্যক্রম কম। সমিতির সদস্যদের বিভিন্ন প্রকারের প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা হয়েছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	মৌলভীবাজার সদর উপজেলার ছায়ানীড়, প্রেমনগর, লালাপুর আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায়ের হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো। তাছাড়া আদায়কৃত অর্থ আশ্রয়ণ প্রকল্পের বাসিন্দাদের মধ্যে পুনরায় বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	১। উপজেলা নির্বাহী অফিসার(সকল) ২। জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার
খ	সকল আশ্রয়ন প্রকল্পের পুকুরে উপকারভোগীদের মাধ্যমে মাছ চাষের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	

২৬. পরিবার পরিকল্পনা বিভাগঃ উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, তাদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	পরিবার পরিকল্পনা স্থায়ী পদ্ধতি গ্রহণের হার বৃদ্ধির জন্য অনুরোধ জানানো হলো।	উপপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর
খ	পরিবার কল্যাণ কেন্দ্রের আবাসিক ভবনগুলো মেরামতের অনুরোধ জানানো হলো।	সহকারী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

২৭. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডঃ উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার সভায় জানান যে, তাঁর বিভাগের ২০১৪-১৫ অর্থ বছরে কৃষি ঋণের বিতরণের লক্ষ্যমাত্রা ৩২৯.৫৭ লক্ষ টাকা। এ পর্যন্ত বিতরণের পরিমাণ ১,০৪,৪৩,০০০/- (এককোটি চারলক্ষ তেতাল্লিশহাজার) টাকা। বিতরণের হার ৩২%। পল্লী জীবিকায়ন প্রকল্প, পল্লী দ্রারিদ্র বিমোচন কর্মসূচি, পল্লী প্রগতি প্রকল্প, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্প, মহিলা উন্নয়ন অনু বিভাগ, আদর্শগ্রাম-২, পিআরডিপি-২ প্রকল্প সমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

ক্র	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পটি অধিক গুরুত্ব দিয়ে এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার এবং অন্যান্য প্রকল্পের কার্যক্রমও সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২. উপ-পরিচালক বিআরডিবি, মৌলভীবাজার
খ	প্রকল্পগুলো বাস্তবায়নের আগে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে আলোচনা করার জন্য অনুরোধ জানানো হলো।	
গ	বিশেষ ফসল উৎপাদনের জন্য ৪% হারে ঋণ বিতরণ কার্যক্রম জোরদার জন্য অনুরোধ করা হলো।	উপ-পরিচালক বিআরডিবি, মৌলভীবাজার/ব্যবস্থাপক, লিড ব্যাংক

২৮. বন বিভাগঃ সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, ২০১৪-১৫ অনুন্নয়ন খাতের আওতায় ১০.০ হেক্টর, জুড়ী উপজেলায় ৩০.০ হেক্টর এবং বড়লেখা উপজেলায় ১০.০ হেক্টরসহ সর্বমোট ৫০.০ হেক্টর স্বল্প মেয়াদী বাগান সৃজনের পরিকল্পনা রয়েছে। রাজনগর থেকে ফেঞ্চুগঞ্জ পর্যন্ত সড়ক ও জনপথের রাস্তার পাশের গাছ কাটার ব্যাপারে উভয় পক্ষ মিলে সিদ্ধান্ত গ্রহণপূর্বক বিরাজমান সমস্যা সমাধান করা হয়েছে। বিভাগীয় বন কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৯ মে বিশ্ব পরিযায়ী পাখি দিবস পালিত হবে। তিনি উক্ত অনুষ্ঠানে সকলকে আমন্ত্রণ জানান ও সকলের অংশগ্রহণ কামনা করেন।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	বেশি বেশি এলাকা বনায়ন করার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।	১। সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল

২৯. ইসলামিক ফাউন্ডেশনঃ উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার সভায় জানান যে, এবছর জাতীয় যাকাত বোর্ড হতে এ জেলায় ০৯টি সেলাই মেশিন গরীব ও দুঃস্থদের মধ্যে বিতরণের জন্য প্রেরণ করা হয়েছে। এছাড়া শিশু ও গণশিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত শিশু ও গণশিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এবং কেন্দ্র সমূহের তদারিক বৃদ্ধি করার জন্য অনুরোধ জানানো হলো।	উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার

৩০. হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টঃ সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, মৌলভীবাজার সভায় জানান যে, ১৯৬টি(১৯৫টি চালু) কেন্দ্রের মাধ্যমে শিশু ও গণশিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	হিন্দু ধর্মীয় কল্যণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত শিশু ও গণশিক্ষা কার্যক্রমের কেন্দ্রসমূহ যথাযথভাবে পরিবীক্ষণ ও পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হলো।	সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, মৌলভীবাজার।

৩১. শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগঃ সহকারী কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার এর কার্যপত্র পর্যালোচনা দেখা যায় যে, সভায় জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরে তাঁর দপ্তরের জন্য ধার্য্যকৃত রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ধরনের প্রচেষ্টা অব্যাহত আছে। মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত পণ্য সরবরাহে ভ্যাট ফাঁকি রোধ কল্পে নিবারণমূলক কার্যক্রম অব্যাহত আছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	ভ্যাট আরোপের পরিধি বাড়ানো এবং রাজস্ব আদায়ে তৎপরতা বৃদ্ধির জন্য অনুরোধ জানানো হলো।	সহকারী কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট
খ	ব্যক্তি মালিকানাধীন রাবার বাগানগুলোর অনুমোদন খতিয়ে দেখার ও ভ্যাট ফাঁকি রোধের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	

৩২. বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন: মহাব্যবস্থাপক, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কপোরেশন, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে ভাটেরা ও সাতগাঁও রাবার বাগানের মাধ্যমে উৎপাদন কার্যক্রম অব্যাহত আছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	নিজস্ব বিভাগীয় কার্যক্রম স্বভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	মহাব্যবস্থাপক, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, শ্রীমঙ্গল

৩৩. জেলা তথ্য অফিসঃ জেলা তথ্য অফিসার সভায় জানান যে, তাদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জেলায় একটি তথ্য কমপ্লেক্স নির্মাণের জন্য জায়গার প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের অনুরোধ জানানো হয়েছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	বিভিন্ন জনসমাগম স্থানে জনসচেতনতা এবং শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।	জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার

৩৪. জালালাবাদ গ্যাস: উপ-মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, মৌলভীবাজার বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বিস্তারিত আলচনা করা সম্ভব করা হয়নি।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	আগামী মভায় উপস্থিত থাকার এবং গ্যাস সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	উপ-মহাব্যবস্থাপক জালাবাদ গ্যাস, মৌলভীবাজার
খ	বক্ষব্যাধি হাসপাতালের বকেয়া গ্যাস বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।	সিভিল সার্জন, মৌলভীবাজার

৩৫. জেলা ত্রাণ ও পুনর্বাসন বিভাগ: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মৌলভীবাজার সভায় জানান যে, অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী(১ম পর্যায়) এর আওতায় ৮,৬৫,৪৯,২২৫/- টাকায় গৃহীত ২৮৯টি প্রকল্পের কাজের অগ্রগতি ৯৮.৮৭%।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	কাবিখা এবং টিআর এর প্রকল্প সমূহ যথাযথভাবে বাস্তবায়নে তদারকি বৃদ্ধি করার জন্য অনুরোধ জানানো হলো।	১. জেলা ত্রাণ ও পূনর্বাসন কর্মকর্তা ২. ইউএনও সকল

৩৬. আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার: উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার সভায় জানান যে, মার্চ ২০১৫ মাসে ৩,৫২৯টি এমআরপি আবেদন জমা এবং ৪,০২৫টি এমআরপি আবেদনকারীদের মধ্যে প্রদান করা হয়েছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	পাসপোর্টসমূহ গ্রহীতাদের নিকট যথাযথভাবে সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।	উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার

৩৭. জেলা মার্কেটিং অফিস: জেলা বাজার অনুসন্ধানকারী সভায় জানান যে, নিয়মিত বাজার মনিটরিংসহ সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির সরবরাহ ও মূল্য নিয়ন্ত্রণ রাখার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের পাশাপাশি বেশি করে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো। তাছাড়া বাজার পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য নিয়মিত বাজার মনিটরিং করার জন্যও অনুরোধ জানানো হলো।	জেলা বাজার অনুসন্ধানকারী কর্মকর্তা, মৌলভীবাজার

৩৮. জেলা মহিলা বিষয়ক কর্মকতা: জেলা মহিলা বিষয়ক কর্মকতা, মৌলভীবাজার সভায় জানান যে, প্রশিক্ষণ কার্যক্রমসহ সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি তার অফিসের সামনের ডাস্টবিন সরানোর জন্য পুনরায় অনুরোধ জানান।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক	নারীদের উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের অনুরোধ জানানো হলো।	জেলা মহিলা বিষয়ক কর্মকতা
খ	জেলা মহিলা বিষয়ক অফিসের সামনের ডাস্টবিন সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।	মেয়র মৌলভীবাজার পৌরসভা

৩৯. কর্মসংস্থান ব্যাংক: ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, মৌলভীবাজার সভায় জানান যে, বেকার/অর্ধবেকার যুবকদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল ও কুলাউড়া শাখার মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত ৫,৮১৭ জন গ্রাহকের মধ্যে ৩৩,৬৭,৬৮,০০০/-(তেত্রিশলক্ষ সাতষট্টিলক্ষ আটষট্টিহাজার) টাকা ঋণ বিতরণ এবং ৩১,৪৬,৮৬,০০০/-(একত্রিশকোটি ছেচল্লিশলক্ষ ছিয়াশিহাজার) টাকা ঋণ আদায় করা হয়েছে। ব্যাংকের পুঞ্জীভূত ঋণ আদায়ের হার ৯২%। সার্টিফিকেট মামলার ব্যাপারে তিনি উপজেলা নির্বাহী অফিসারগণের সহযোগিতা কামনা করেন।

ক্র.	সিদ্ধান্ত	বাস্তবায়ন
